সমকাল

14 JAN 2017
2 ... 9

### উত্তরার লাইফ স্কুল বন্ধ

# রিমান্ডে অনেক তথ্য দিলেন দুই অধ্যক্ষ

■ আতাউর রহমান

জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ ওঠার পর রাজধানীর উত্তরা ১৩ নম্বর সেক্টরে অবস্থিত ধর্মভিত্তিক ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠান লাইফ স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। ওই স্কুলে বসেই নব্য জেএমবির দুর্ধর্ষ অন্তত ছয় জঙ্গি বিভিন্ন সময় গোপন বৈঠক করেছে বলে র‌্যাব তথ্য পেয়েছে। ওই ছয়জনের মধ্যে স্কুলটির সাবেক দুই শিক্ষক মাইনুল ইসলাম ওরফে আবু মুসা ও ফয়সাল হক পলাতক। অন্য চারজনের মধ্যে তানভীর কাদেরী ও তার যমজ ছেলের একজন আফিফ কাদেরী ও মেজর (অব.) জাহিদুল ইসলাম আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে নিহত হয়েছে। তানভীর কাদেরীর অন্য ছেলে তাহরীম কাদেরী গত সেপ্টেম্বরে পুরান ঢাকার একটি জঙ্গি আস্তানা থেকে গ্রেফতার হয়ে কারাগারে রয়েছে। র‌্যাব কর্মকর্তারা বলছেন, সম্প্রতি স্কুলটির বর্তমান ও সাবেক দুই অধ্যক্ষসহ কয়েক শিক্ষক ও তাদের সহযোগীদের গ্রেফতার করে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের পর স্কুলটিকে ঘিরে জঙ্গি কার্যক্রমের এসব তথ্য বেরিয়ে আসে।

র‌্যাবের একজন দায়িত্বশীল কর্মকর্তা সমকালকে জানিয়েছেন, স্কুলটির গ্রেফতার হওয়া বর্তমান ও সাবেক দুই অধ্যক্ষ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩